



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/২২, ব্লক-এ, রোড নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-১৯০/২০২৩/২২৫৫৭

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
০৫ জুন ২০২৩ খ্রিস্টাব্দ


অফিস আদেশ

দারুল ইসলাম ফাজিল মাদরাসা, ডাকঘর: নয়রহাট, উপজেলা: সাভার, জেলা: ঢাকা এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৮.০২.২০২২ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অনুসৃত অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ৩০.০৬.২০২২ খ্রি. থেকে ২৯.০৬.২০২৬ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

শর্তসমূহ:

১. শিক্ষার্থীদের বিভিন্ন বিষয়ের পাশাপাশি আরবি ও ইংরেজিতে দক্ষ করে গড়ে তুলতে হবে।
২. শিক্ষক ও শিক্ষার্থীদের আইসিটি বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
৩. বঙ্গবন্ধু কর্ণারকে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই দিয়ে আরো সমৃদ্ধ করতে হবে।
৪. মাদরাসার লাইব্রেরীটি আরও জার্নাল ও যুগোপযোগী বই দিয়ে সমৃদ্ধ করতে হবে এবং নিয়মিত শিক্ষার্থীদের পাঠের ব্যবস্থা করতে হবে।
৫. নিয়মিত বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট ভিজিট করতে হবে এবং মাদরাসা সম্পর্কিত সকল নোটিশ মাদরাসার নোটিশ বোর্ডে প্রদর্শন ও ফাইলে সংরক্ষণ করতে হবে।
৬. মাদরাসার কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে ক্রয় কমিটি, অভ্যন্তরীণ অডিট কমিটি, একাডেমিক কমিটি ও উন্নয়ন কমিটিগুলো গঠনপূর্বক পত্র জারি করতে হবে।
৭. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে


(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মোবাইল নম্বর- ০১৭১৪ ২০২০৬৬

অধ্যক্ষ

দারুল ইসলাম ফাজিল মাদরাসা


ডাকঘর: নয়রহাট, উপজেলা: সাভার, জেলা: ঢাকা।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-১৯০/২০২৩/২২৫৫৭

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
০৫ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কাউন্সিলের সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব, (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, দারুল ইসলাম ফাজিল মাদরাসা, ডাকঘর: নয়রহাট, উপজেলা: সাভার, জেলা: ঢাকা।
৭. অফিস নথি।


০৫.০৬.২৩

(মো: জাহিরুল ইসলাম)

প্রভাষক (আরবি)

মোবাইল নম্বর- ০১৬৮৭-০৭২৫৬৯

zahirhandu0@gmail.com